

নবজন্ম

এফ. আহমেদ

আমার সমস্ত স্থিরতা,
তোমার কাছে এলেই রূপান্তরিত হয় অস্থিরতায় ।
সব স্তব্ধতা,
রূপ নেয় মুখরতায় ।
কঠিনতার মুখোস সরিয়ে-
হয়ে যাই ভালবাসার কাঙাল
তোমার ভালবাসা পেলে-
আবারও সেই সুবোধ বালকটির মত ।
তখন মনেই হয় না,
এই আমিই একটু আগে কি পাগলামীটাই না করি ।।